দৈনিক সংবাদ

তারিখ ... 25 FEB 1991
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

## বাংলা অনার্স পরীক্ষার অষ্টমপত্র সংক্রান্ত বক্তব্যের প্রতিবাদ

আপনার পত্রিকায় প্রকাশিত (১২-২-৯১) আনন্দমোহন কলেজের বাংলা বিভাগের বি, এ অনার্স (সনাতন : ১৯৮৮) – পরীক্ষার্থীদের পত্রটি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে। প্রকাশিত পত্রে উল্লেখ করা হয়েছে যে ১৯৮৮ সালের বি, এ অনার্স পরীক্ষার বাংলা বিষয়ের অষ্টম পত্রের প্রশ্নে ব্যাকরণ অংশ বর্জিত হয়েছে এবং এজন্যে বাংলা বিভাগের প্রতিকৃতি করা হয়েছে। এই মন্তব্য সম্পূর্ণ অসত্য ও ভিত্তিহীন। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ১৯৮৮ সালের বাংলা বিষয়ের অষ্টম পত্রের সিলেবাসে ব্যাকরণ অংশ নেই। একশ নম্বর পঞ্চাশ পঞ্চাশ করে ধ্বনিতত্ত্ব ও ভাষাতত্ত্ব বিষয়ের জন্য বন্টন করা হয়েছে। আনন্দমোহন কলেজের বাংলা বিভাগের শিক্ষকবৃন্দ সিলেবাস না দেখে কোন বিষয় পড়ালে তার দায়িত্ব বহন করা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের নয়, আনন্দমোহন কলেজের শিক্ষকবৃন্দের। শিক্ষকরাই সেই দায়িত্ব পালন না করে ছাত্র-ছাত্রীদের দিয়ে অলীক অভিযোগ উথাপন করার মধ্য দিয়ে তাদের দায়িত্বহীনতাই প্রমাণিত।